গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
অগ্নি অনুবিভাগ

সুরক্ষা সেবা বিভাগের কর্মকর্তাগণ কর্তৃক মাঠ পর্যায়ের অফিস পরিদর্শনে প্রদত্ত সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত ফলাবর্তক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রদীপ রঞ্জন চক্রবর্তী<br>অতিরিক্ত সচিব (অগ্নি) |
| সভার তারিখ | : | ২২ অক্টোবর ২০১৯ |
| সময় | : | বেলা ১২.০০ মিনিট |
| স্থান | : | সভাপতির অফিস কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ কার্যক্রম আরম্ভ করেন। তিনি জানান যে, অতিরিক্ত সচিব ড: তরুন কান্তি শিকদার গত ০৫/৮/২০১৯ তারিখে মাগুরা জেলাধীন মহম্মদপুর ফায়ার স্টেশন এবং ১৫/৯/২০১৯ তারিখে উপসচিব জনাব সেখ কামাল হোসেনসহ ফায়ার সার্ভিসের খুলনা বিভাগীয় দপ্তর পরিদর্শন করেন। মাগুরা ফায়ার স্টেশনের টিভি নিশান ৪৬, (কুষ্টিয়া-ম-০২-০০১২) নং গাড়ি ৩০/৯/২০১৪ হতে টিভি নিশান ৪৬ (মাগুরা-ট-০০০২) ১৭/৩/২০১৬ তারিখ থেকে ইঞ্জিনের সমস্যার কারণে অচল হয়ে পড়ে আছে। এ স্টেশনের আওতায় ৩০০ জন বস্তিবাসীকে টেনিং দেয়া হয়েছে। সিডিএমপি কর্তৃক ২৪ জন স্টাফকে ট্রেনিং দেয়া হয়েছে। গত ০৩ মাসে অগ্নিকান্ড ঘটেছে ২৮টি, দুর্ঘটনা হয়েছে ১৩টি। দুর্ঘটনায় আহত ২১ জন এবং নিহত হয়েছেন ০৩ জন। রোগী পরিবহন করা হয়েছে ০৯ জন। মাগুরা ফায়ার স্টেশনটি স্থাপিত হয়েছে ১৯৬৪ সালে । স্টেশনটি 'বি' শ্রেণির। একে 'এ' শ্রেণিতে উন্নীতকরনের জন্য সুপারিশ করা হয়েছে। মহম্মদপুর ফায়ার স্টেশন পরিদর্শন প্রতিবেদনে ০১টি ২য় কল পাম্প টানা গাড়ি বরাদ্দ প্রদানের জন্য সুপারিশ করা হয়েছে।

০২। অতিরিক্ত সচিব সৈয়দ আবদুল মমিন গত ১৬/৯/২০১৯ তারিখে সিলেট বিভাগীয় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর পরিদর্শন করে নিম্নবর্ণিত সুপারিশ প্রদান করেছেন:

(১) কর্মরত ০২ জন ডুবুরির জন্য উচ্চতর প্রশিক্ষণের ব্যবস্থা করা;
(২) ডুবুরির ৩৪টি শূন্য পদ পূরণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা;
(৩) কমিউনিটি ভলান্টিয়ারগণের প্রশিক্ষণ কার্যক্রম অব্যবহৃত রাখা এবং নিয়মিত মহড়ার ব্যবস্থা করা।

০৩। উপরে বর্ণিত সুপারিশসমূহের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর'কে অনুরোধ জানানো হয়।

০৪। পরিশেষে, সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত/-)
(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)
অতিরিক্ত সচিব (অগ্নি)

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৩২.০০১.১৭- ৪৮/১

তারিখ : ০৬ কার্তিক ১৪২৬
২২ অক্টোবর ২০১৯

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

০১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব ........................................................ উইং (সকল), সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা।
০৪। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
০৫। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
০৬। সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২২/১০/২০১৯
(মল্লিকা রাণী মন্ডল)
সহকারী সচিব